



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড বরিশাল

www.barisalboard.gov.bd

স্মারক নং- বশিবো/ বিঅ/বরগুনা /২০১৪/৭৩৬২

তারিখ: ১২/১০/১৪

বিষয় : স্বীকৃতি নবায়ন

সূত্র : (ক) পরিদর্শন কর্মকর্তার দাখিলকৃত প্রতিবেদন।

(খ) নথির ৮৪ নং অনুচ্ছেদে চেয়ারম্যান মহোদয়ের ২৫/০৯/২০১৪ তারিখের অনুমোদন

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, নিম্ন বর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে সোনার বাংলা মাধ্যমিক বিদ্যালয়, ডাকঘরঃ শতকর বেতমোর, উপজেলাঃ পাথরঘাটা, জেলাঃ বরগুনা - এর মাধ্যমিক পর্যায়ে স্বীকৃতির মেয়াদ ০১/০১/২০১৪ তারিখ হতে ৩১/১২/২০১৬ তারিখ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য নবায়ন করা হলো। নিম্নে আরোপিত শর্তসমূহ পূরণ পূর্বক যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে স্বীকৃতির মেয়াদ বৃদ্ধির প্রস্তাব পাওয়া গেলে পরবর্তী নবায়নের বিষয় বিবেচিত হবে।

### পরিদর্শন প্রতিবেদনে আরোপিত শর্তসমূহ :

- ০১। নিয়মিত এ্যাসেম্বলী অনুষ্ঠান ও জাতীয় পতাকা উত্তোলন এবং জাতীয় সঙ্গীত পরিবেশনের মাধ্যমে বিদ্যালয়ের কার্যক্রম শুরু করতে হবে
- ০২। বিদ্যালয়ের সকল শিক্ষক ও কর্মচারীর নিয়মিত যথাসময়ে উপস্থিত হয়ে হাজিরা খাতায় স্বাক্ষর নিশ্চিত করতে হবে।
- ০৩। বার্ষিক পাঠ পরিকল্পনা প্রণয়ন করে সে অনুযায়ী শ্রেণীকক্ষে পাঠদান করতে হবে।
- ০৪। বিজ্ঞান বিভাগে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি করতে হবে।
- ০৫। S/B/A/ ও সৃজনশীল বিষয়ে শিক্ষার্থীদের মনোযোগী করে তুলতে হবে।
- ০৬। পর্যায়ক্রমে বিদ্যালয়ের সকল শিক্ষককে কম্পিউটারের উপর প্রশিক্ষণ নিতে হবে।
- ০৭। ভর্তি রেজিঃ শিক্ষার্থীর সকল তথ্য বাংলা ও ইংরেজিতে লিপিবদ্ধ করতে হবে।
- ০৮। বিদ্যালয়ের শ্রেণীকক্ষ, খেলার মাঠ, টয়লেট পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে।
- ০৯। ইভটিজিং এবং জঙ্গীবাদ প্রতিরোধে কার্যকরী ব্যবস্থা নিতে হবে।
- ১০। বিদ্যালয়ের সকল কার্যক্রম অন লাইনে সম্পন্ন করতে হবে।
- ১১। বিদ্যালয়ের শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি করতে হবে।
- ১২। বিদ্যালয়ের লাইব্রেরীতে তথ্য ও প্রযুক্তি বিষয়ক বইয়ের সংখ্যা বৃদ্ধি করতে হবে।
- ১৩। পাবলিক পরীক্ষায় পরীক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি করতে হবে।
- ১৪। শিক্ষার গুণগত মান নিশ্চিত করতে হবে।
- ১৫। ব্যবহারিক বিষয় সমূহের উপর নিয়মিত ব্যবহারিক ক্লাস নিতে হবে।
- ১৬। কর্তৃপক্ষের আদেশ মেনে বিদ্যালয় পরিচালনা করতে হবে।

প্রধান শিক্ষক


সোনার বাংলা মাধ্যমিক বিদ্যালয়

ডাকঘরঃ শতকর বেতমোর

উপজেলাঃ পাথরঘাটা, জেলাঃ বরগুনা

জ্ঞাতার্থে বিতরণ:

- ০১। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল।
- ০২। জেলা শিক্ষা অফিসার, বরগুনা।
- ০৩। সিস্টেম এনালিস্ট (ভারপ্রাপ্ত), অত্র বোর্ড, বিজ্ঞপ্তিটি বরিশাল শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
- ০৪। একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
- ০৪। মাধ্যমিক নিবন্ধন বিভাগ।
- ০৫। অত্র বোর্ডের পরীক্ষা বিভাগ।
- ০৬। সংরক্ষণ নথি

  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড  
বরিশাল  
০৩/১০/১৪